গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
নির্বাহী প্রকৌশলী, সওজ এর কার্যালয়,
সড়ক বিভাগ, মানিকগঞ্জ,
ফোন ও ফ্যাক্সঃ ৭৭১০৩৭৭
e-mail : eemanikganj@gmail.com

ডাইরী নং ৪৮২ তারিখ ৭/২/১৭

ইজারা কোটেশন নং ঃ ০১/কোটেশন/ইই/মানিকগঞ্জ রোড ডিভিশন/২০১৬-২০১৭ **(৭ম আহ্বান)**

# "সওজ অধিদপ্তরাধীন ফেরীঘাটের টোল আদায়ের ইজারা তফসিল"

| | |
|---|---|
| কাজের নামঃ | ২০১৬-২০১৭ অর্থ বৎসরে মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন বেতিলা-বালিরটেক-হরিরামপুর সড়কের ১০তম কিঃমিঃ এ অবস্থিত বালিরটেক ফেরীঘাট দিয়া যানবাহন পারাপারের টোল আদায়ের নিমিত্তে চুক্তি সম্পাদনের তারিখ হইতে ১ (এক) বৎসর বা ৩৬৫ দিন সময়ের জন্য ইজারা প্রদান। |

জানুয়ারী/২০১৭ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলী, সওজ, এর কার্যালয়
সড়ক বিভাগ, মানিকগঞ্জ
ফোন ও ফ্যাক্স ঃ ৭৭১০৩৭৭
e-mail: eemanikganj@gmail.com

স্মারক নং ঃ ২৪৪ তারিখ ঃ ২৫/০১/২০১৭ খ্রি.।

## ফেরীঘাট ইজারা কোটেশন আহ্বান বিজ্ঞপ্তি

ফেরীঘাটের নামঃ বালিরটেক ফেরীঘাট, অবস্থানঃ বেতিলা-বালিরটেক-হরিরামপুর সড়কের ১০তম কিঃমিঃ এ অবস্থিত।
মেসার্স / জনাব ........................................................................................................ এর নিকট বিক্রয় করা হইল।
টাকার পরিমাণ (অংকে):....................... টাকা (কথায়) ....................................................................................
রশিদ নং- ........................................ ... তারিখঃ ................................ খ্রিঃ।

কোষাধ্যক্ষের স্বাক্ষর

| | | | |
|---|---|---|---|
| ১ | ইজারা কোটেশন নং | ঃ | ০১/কোটেশন/ইই/মানিকগঞ্জ রোড ডিভিশন/২০১৬-২০১৭ (**৭ম আহ্বান**)। |
| ২ | ইজারার বিবরণ | ঃ | ২০১৬-২০১৭ অর্থ বৎসরে মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন বেতিলা-বালিরটেক-হরিরামপুর সড়কের ১০তম কিঃমিঃ এ অবস্থিত বালিরটেক ফেরীঘাট দিয়া যানবাহন পারাপারের টোল আদায়ের নিমিত্তে চুক্তি সম্পাদনের তারিখ হইতে ১ (এক) বৎসর বা ৩৬৫ দিন সময়ের জন্য ইজারা প্রদান। |
| ৩ | ইজারার সময় সীমা | ঃ | ১ (এক) বৎসর বা ৩৬৫ দিন |
| ৪ | ইজারা কোটেশনের সিডিউল মূল্য | ঃ | টাঃ ৩,০০০.০০ (তিন হাজার) অফেরৎযোগ্য। |
| ৫ | বায়নার টাকার পরিমান | ঃ | উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ)। |
| ৬ | ইজারা ডাকে অংশগ্রহনের যোগ্যতা | ঃ | সকল শ্রেণীর ঠিকাদার এবং আর্থিক ভাবে স্বচ্ছল বাংলাদেশের সকল ব্যক্তিবর্গ / প্রতিষ্ঠান। |
| ৭ | যে সকল কার্যালয়ে ইজারা কোটেশন পাওয়া যাইবে | ঃ | জেলা প্রশাসক, মানিকগঞ্জ / নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ / ঢাকা / নরসিংদী / নারায়নগঞ্জ / মুন্সিগঞ্জ/ গাজীপুর / সেতু ডিজাইন বিভাগ-১ (পূর্বাঞ্চল) সেতু জোন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/ প্ল্যানিং এন্ড ডিজাইন বিভাগ, ঢাকা জোন, পাইকপাড়া, মিরপুর, ঢাকা / প্ল্যানিং বিভাগ-১, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা / উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, মানিকগঞ্জ/নয়ারহাট /১ম সারি কারখানা উপ-বিভাগ মানিকগঞ্জ সড়ক বিভাগের অধীনে। |
| ৮ | যে সকল কার্যালয়ে ইজারা কোটেশন মুখবন্ধ অবস্থায় গ্রহন করা হইবে। | ঃ | (ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ঢাকা সড়ক সার্কেল, এলেনবাড়ী, ঢাকা।<br>(খ) জেলা প্রশাসক, মানিকগঞ্জ।<br>(গ) নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ।<br>(ঘ) উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ, মানিকগঞ্জ / নয়ারহাট। |
| ৯ | ইজারা কোটেশন বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ঃ | ০৮/০২/২০১৭ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১০ | মুখবন্ধ অবস্থায় ইজারা কোটেশন গ্রহণের তারিখ ও সময় | ঃ | ০৯/০২/২০১৭ খ্রিঃ ১২:০০ ঘটিকা পর্যন্ত। |
| ১১ | ইজারা কোটেশন খোলার স্থান, তারিখ ও সময় | ঃ | স্থান ঃ নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ।<br>তারিখ ঃ ০৯/০২/২০১৭ খ্রিঃ সময় ঃ বিকাল ৩:৩০ ঘটিকায়। |
| ১২ | সরকারী /বেসরকারী/স্বায়ত্বশাসিত সকল প্রতিষ্ঠানের ঠিকাদারবৃন্দ, অভিজ্ঞ ইজারাদার ও বাংলাদেশের আর্থিক ভাবে স্বচ্ছল নাগরিক যারা ভ্যাট ও আয়কর প্রদান করেন তাদের নিকট হইতে উল্লেখিত কাজের জন্য সীলমোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাইতেছে। | | |
| ১৩ | ইজারা কোটেশন ডকুমেন্টের / দলিলের সকল শর্তাবলী প্রযোজ্য হইবে। | | |
| ১৪ | কোটেশন দাতাগণ তাহার / তাহাদের উদ্ধৃত দর কোটেশন তফসীলের নির্ধারিত স্থানে শুদ্ধ এবং স্পষ্টভাবে অংকে ও কথায় লিপিবদ্ধ করিবেন। | | |
| ১৫ | কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে এক বা একাধিক বার ইজারা কোটেশন আহ্বান করিতে পারিবেন। | | |
| ১৬ | কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল ইজারা কোটেশন আংশিক বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। এক্ষেত্রে কোন আপত্তি বা অভিযোগ গ্রহন করা হইবে না। | | |
| ১৭ | ইজারা উদ্ধৃত দর সংশোনের প্রয়োজন হইলে একটানে কেটে সংশোধন করিতে হইবে এবং অনুস্বাক্ষর করিতে হইবে। কোনরূপ কাটাকাটি বা ফ্লুইড ব্যবহার করা যাইবে না। | | |
| ১৮ | সময়ে সময়ে সরকারের পরিবর্তিত আয়কর ও ভ্যাট এর হার ইজারাদার মানিয়া নিতে বাধ্য থাকিবেন। | | |
| ১৯ | ইতোপূর্বে আহ্বানকৃত ১ম, ২য়, ৩য় ৪র্থ, ৫ম এবং ৬ষ্ঠ আহ্বান বৈধ থাকিবে। | | |

কোটেশন দাতার স্বাক্ষর

(মোঃ শহীদুল ইসলাম)
উপ-সহকারী প্রকৌশলী, সওজ,
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

(মোঃ আব্দুল জলিল প্রামানিক)
সহকারী প্রকৌশলী, সওজ,
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

(মোঃ মহিবুল হক)
পরিচিতি নং-৬০১৯৩১
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

স্মারক নং-২৪৪/১০ তারিখ ঃ ২৫/০১/২০১৭ খ্রি.।

অনুলিপি সংযুক্তি সহ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইলঃ

১। প্রধান প্রকৌশলী, সওজ, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ।
সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে ।

২ বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে ।

৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, এলেনবাড়ী, ঢাকা ।
সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে।

৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সওজ), পরিকল্পনা ও রক্ষনাবেক্ষন উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে ।

৫। তত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ঢাকা সড়ক সার্কেল, এলেনবাড়ী, ঢাকা ।
সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে ।

৬। তত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ফেরী সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ।
সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে ।

৭। তত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রকিউরমেন্ট সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ।
সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে ।

৮। তত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষনাবেক্ষন সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে ।

৯। তত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এমআইএস এন্ড এষ্টেট সার্কল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে ।

১০। জেলা প্রশাসক, মানিকগঞ্জ । তাঁহাকে বিক্রয় ও প্রয়োজনীয় প্রচারের জন্য ২ (দুই) সেট সিডিউল প্রদান করা হইল।
সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে ।

(মোঃ মহিবুল হক)
পরিচিতি নং-৬০১৯৩১
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক কিভাগ, মানিকগঞ্জ।

স্মারক নং-২৪৪/১০(১৭) তারিখ ঃ ২৫/০১/২০১৭ খ্রি.।

অনুলিপি সংযুক্তি সহ অবগতি ও প্রয়োজনীয় প্রচারের জন্য অনুরোধ করা হইলঃ

০১। নির্বাহী প্রকৌশলী,সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ / ঢাকা/ নরসিংদী / নারায়নগঞ্জ / মুন্সিগঞ্জ / গাজীপুর / সেতু ডিজাইন বিভাগ-১, তেজগাঁও, ঢাকা/ প্ল্যানিং ডিজাইন বিভাগ, ঢাকা জোন, পাইকপাড়া, মিরপুর, ঢাকা / প্ল্যানিং,বিভাগ-১, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে প্রতি দপ্তরের জন্য

০২। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, মানিকগঞ্জ / নয়ারহাট/১ম সারি কারখানা উপ-বিভাগ, মানিকগঞ্জ সড়ক বিভাগের অধীনে।

সংযুক্তি-কোটেশন সিডিউল =২ (দুই) প্রস্থে প্রতি দপ্তরের জন্য

০৩। সহকারী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

০৪। উপ-সহকারী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

০৫। বিভাগীয় হিসাব রক্ষক / উচ্চমান সহকারী / এস. এ. সি. অত্র সড়ক বিভাগ।

০৬। নোটিশ বোর্ড, অত্র বিভাগ।

কোটেশন দাতার স্বাক্ষর

(মোঃ শহীদুল ইসলাম)
উপ-সহকারী প্রকৌশলী, সওজ,
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

(মোঃ আব্দুল জলিল প্রামানিক)
সহকারী প্রকৌশলী, সওজ,
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

(মোঃ মহিবুল হক)
পরিচিতি নং-৬০১৯৩১
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক কিভাগ, মানিকগঞ্জ।

**Government of the people's Republic of Bangladesh**
**Office of the Executive Engineer, (RHD)**
**Road Division, Manikganj,**
**Phone & Fax : 7710377.**
e-mail: eemanikganj@gmail.com

## RHD NOTICE INVITING SEALED QUOTATION

Memo No : 244 Date : 25-01-2017.

| | | | |
|---|---|---|---|
| 1 | **Ministry / Division** | : | Ministry of Road Transport & Bridges. |
| 2 | Agency | : | Roads & Highways Department. |
| 3 | Procuring entity Name | : | Executive Engineer, RHD, Road Division, Manikganj. |
| 4 | Invitation for | : | Lease Quotation |
| 5 | Procurement Method | : | Open Lease Quotation Method. |
| 6 | Budget & Source of Fund | : | N/A. |
| 7 | Project/Programme Name (If applicable) | : | N/A. |
| 8 | Quotation Package No. | : | 01/Quotation/EE/Mkg.Rd/2016-2017 (7th Call). |
| 9 | Quotation Package Name | : | Collection of tolls for crossing the Balirtek Ferryghat at 10th K.M. of Betila-Balirtek-Horirampur Road under Manikgonj Road Division during the year 2016-2017 for 1 (One) year or 365 days from the date of signing the contract. |
| 10 | Quotation Publication date | | |
| 11 | Quotation Last selling date & time | : | 08-02-2017 during Office hours. |
| (a) | Quotation receiving date & time | : | 09-02-2017 upto 12:00 P.M. |
| (b) | Quotation Opening date & time. | : | 09-02-2017 at 3:30 P.M. |
| (c) | Name & address of the Office's Selling Quotation document | | Deputy Commissioner, Manikganj / Executive Engineer, RHD, Road Division, Manikgonj / Dhaka / Narsingdhi / Narayanganj / Munshiganj / Gazipur / Bridge Design Divn.-I, (Estern), Bridge Zone, Tejgaon, Dhaka / Planning & Design Division Dhaka Zone, Paikpara, Mirpur, Dhaka / Planning Division-1, Sarak Bhaban, Tejgaon, Dhaka and Sub-Divisional Engineer, RHD, Manikganj / Nayerhat / 1st Line workshop under Manikganj Road Division. |
| 12 | Receiving Quotation document | | Superintending Engineer, RHD, Dhaka Road Circle, Dhaka / Deputy Commissioner, Manikganj / Executive Engineer, RHD, Road Division, Manikganj /Sub-Divisional Engineer, RHD, Road Sub-Division, Manikganj / Nayerhat under Manikganj Road Division. |
| (a) | Opening Quotation document | : | Office of the Executive Engineer, RHD, Road Division, Manikganj (The Quotationers & only one of their authorized representatives of each quotationer are allowed in attend the opening period of the quoation) |
| (b) | Eligibility of quotationer. | : | Any reputed persons / firms. |
| 13 | Brief description of the work | : | Lease for collection of Tolls for crossing the Balirtek Ferryghat at 10th K.M. of Betila-Balirtek-Horirampur Road under Manikgonj Road Division during the year 2016-2017 for 1 (One) year or 365 days from the date of signing the contract. |

| 14 | Identification of Lot | Location | Quotation security amount | Price of Quotation Document | Lease period |
|---|---|---|---|---|---|
| 15 | Lease for collection of Tolls for crossing the Balirtek Ferryghat at 10th K.M. of Bethila-Balirtek-Horirampur Road under Manikgonj Road Division during the year 2016-2017 for 1 (One) year or 365 days from the date of signing the contract. | Balirtek Ferryghat at 10th K.M. of Betila-Balirtek-Horirampur Road | 10% (Ten) Percent of total quoted amount | Tk. 3,000.00 (Three thousand) only per set. | 1 (One) year or 365 days from the date of signing the contract. |

| | | | |
|---|---|---|---|
| | Name of the official Invitation Quotation | : | Md. Mohibul Haque |
| 16 | Designation of Official Invitation Quotation | : | Executive Engineer, RHD, |
| 17 | Address of the of official Invitation Quotation | : | Manikganj Road Division, Manikganj. |
| 18 | Contract details of official Invitation Quotation | : | Tel. 02-7710377 (Office). |
| 19 | Terms & Conditions. | | (a) The Procuring entity reserves the right to accept or reject all the quotetions without assigning any reasons what so-ever.<br>(b) The quotationer have to sumbit the quotation in sealed condition.<br>(c) The quotationer have to attach and summit all necessary documents and fill all the forms. |
| 20 | Other Conditions: As per schedule. | | |
| 21 | Invitation of quotation 1st, 2nd, 3rd, 4th, 5th & 6th Call remain valid. | | |

Signature of the Quotationer

(Md. Shohidul Islam)
Sub-Assistant Engineer, RHD
Road Division, Manikganj

(Abdul Jalil Pramanik)
Assistant Engineer, RHD
Road Division, Manikganj

(Md. Mohibul Haque)
ID No. 601931
Executive Engineer, RHD
Road Division, Manikganj.

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,**
**নির্বাহী প্রকৌশলী, সওজ, এর কার্যালয়,**
**সড়ক বিভাগ, মানিকগঞ্জ,**
**ফোন ও ফ্যাক্স ঃ ৭৭১০৩৭৭।**

স্মারক নং ঃ ২৪৫/৩

তারিখ ঃ ২৫/০১/২০১৭ খ্রি.।

বরাবর,

১। বিজ্ঞাপন ব্যবস্থাপক,
দৈনিক ঢাকা প্রতিদিন
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

২। Advertisement Manager,
Daily Sun
Bosundara R/A,
Dhaka.

৩। বিজ্ঞাপন ব্যবস্থাপক,
দৈনিক মানিকগঞ্জের কাগজ
পৌর সুপার মার্কেট, বাসষ্ট্যান্ড,
মানিকগঞ্জ।

বিষয় ঃ ২০১৬-২০১৭ অর্থ বৎসরে মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন বেতিলা বালিরটেক-হরিরামপুর সড়কের ১০তম কিঃমিঃ এ অবস্থিত বালিরটেক ফেরীঘাট দিয়া যানবাহন পারাপারের টোল আদায়ের নিমিত্তে চুক্তি সম্পাদনের তারিখ হইতে ১ (এক) বৎসর বা ৩৬৫ দিন সময়ের জন্য ইজারা প্রদানের বিজ্ঞাপন পত্রিকায় প্রকাশ প্রসংগে।

ইজারা কোটেশন নং ঃ ০১/কোটেশন/ইই/মানিকগঞ্জ রোড ডিভিশন/২০১৬-২০১৭ **(৭ম আহ্বান)**।

বিজ্ঞাপনটি আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় আগামী ২৮-০১-২০১৭ তারিখের মধ্যে ৩ (তিন) কলামে ০৯ (নয়) ইঞ্চি সাইজ আকারে ০১ (এক) দিন প্রত্যেক সংস্করনে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হইল। বিজ্ঞাপনটি প্রকাশের পর পরই বিজ্ঞাপনের বিল সহ ২ (দুই) টি সৌজন্য কপি অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

নির্ধারিত সাইজের অতিরিক্ত বিল পরিশোধ করা হইবে না।

সংযুক্তি ঃ বর্ণনামতে বিজ্ঞাপন = ১ (এক) টি।

(মোঃ মহিবুল হক)
পরিচিতি নং-৬০১৯৩১,
নির্বাহী প্রকৌশলী, সওজ,
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

# কোটেশনের শর্তাবলী

১। সংশ্লিষ্ট পক্ষসমূহের মধ্যে ইজারা চুক্তি সম্পাদিত হইবে।

২। ইজারা নিরাপত্তা জামানত ৬ (ছয়) মাসের প্রদেয় ইজারা মূল্যের সমপরিমাণ হইবে। উক্ত টাকা ইজারার মেয়াদ সমাপ্তির পর ফেরৎ প্রদান করা হইবে।

৩। ইজারার বিপরীতে প্রদেয় আয়কর, ভ্যাট, সারচার্জ, লেভী ইত্যাদি ইজারাদার কর্তৃক পরিশোধিত হইবে।

৪। কোটেশন সমূহ ০৯/০২/২০১৭ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ মি. পর্যন্ত নিজ নিজ অফিস কক্ষে গ্রহন করিবেন এবং ঐ দিন বিকাল ৩.৩০ ঘটিকায় উপস্থিত ঠিকাদার/কোটেশনদাতাগণের বা তাদের মনোনীত প্রতিনিধিদের সম্মুখে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন মুখবন্ধ অবস্থায় খোলা ও নথিভূক্ত করা হইবে।

৫। (ক) কোটেশন দাতাগণ তাহার / তাহাদের উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) বায়নার টাকা (আর্নেষ্টমানি) বাংলাদেশ ব্যাংকের তফসিলভূক্ত যে কোন সিডিউল ব্যাংক হইতে পে-অর্ডার/বিডি ইত্যাদি আকারে নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ এর অনুকূলে কোটেশনের সহিত দাখিল করিবেন। এখানে উল্লেখ্য যে, পে-অর্ডার /বিডি ইত্যাদি কালেকশনের ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ইজারাদারকে বহন করিতে হইবে। ইজারা পরিশোধ সংক্রান্ত সকল ক্ষেত্রে এই বিধি কার্যকর হইবে।

(খ) কৃতকার্য দরদাতার দর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর Performance Deposit হিসাবে উদ্ধৃত মূল্যের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) সহ সরকার নির্ধারিত সমূদয় ভ্যাট ও আয়কর এবং প্রথম কিস্তির অর্থ পরিশোধ সাপেক্ষে ৩০০/- টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তি স্বাক্ষর করিতে হইবে। উক্ত Performance Deposit জমা দেওয়ার পর পূর্বে জমাকৃত ১০% (শতকরা দশভাগ) বায়নার টাকা (আর্নেষ্টমানি) ফেরৎ প্রদান করা হইবে। ইহা যোগাযোগ মন্ত্রণালয়ের স্মারক নং-প্রশা-২/বিবিধ-২৫/২০০৫-৫০০ তারিখ-০৬/০৮/২০০৫ খ্রিঃ মোতাবেক গৃহীত ব্যবস্থা হিসাবে গণ্য হইবে।

৬। যথাসময়ে নির্ধারিত অর্থ পরিশোধসহ চুক্তি স্বাক্ষরে ব্যর্থতায় বায়নার টাকা বাজেয়াপ্ত সহ দাখিলকৃত কোটেশনের টকা বাতিল করা হইবে।

৭। উপর্যুক্ত কর্তৃপক্ষ কোটেশন গ্রহনের স্বীকৃতি প্রদানের ক্ষমতা থাকিবে। কর্তৃপক্ষ ইজারা প্রদানের অনুপযোগী দর গ্রহন করিতে বাধ্য থাকিবেন না এবং কোন কারণ না দর্শাইয়া যে কোন কোটেশন অথবা কোটেশন সমূহ বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করেন।

৮। নিম্নস্বাক্ষরকারী নিজের ক্ষমতাবলে প্রয়োজনে এই কোটেশন দ্বিতীয়বার, ৩য় বার অথবা তৎপরবর্তী সময় পুনরায় আহ্বান করিতে পারিবেন। কোটেশন দাতাগণ যাহারা ১ম আহ্বানে অংশগ্রহন করিবে তাহারা প্রথম আহ্বানে দাখিলকৃত জমানতের অনুকূলে অবশিষ্ট জামানত সহ ২য়, ৩য় অথবা পরবর্তী পর্যায় পর্যন্ত কোটেশনে অংশ গ্রহন করিতে পারিবেন। চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করিবার পর অকৃতকার্য কোটেশন দাতার জামানতের টাকা ফেরৎ দেওয়া হইবে। ১ম বার, ২য় বার, ৩য় বার এবং তৎপরবর্তী সময়ে আহ্বানকৃত সকল কোটেশন দাতা বা দরদাতা একই তুলনামূলক বিবরণীতে বিবেচনা করিয়া তাহার / তাহাদের স্থান নির্ধারণ করা হইবে।

৯। কৃতকার্য কোটেশন দাতা টোল আদায় আরম্ভ করিবার পূর্বে চুক্তিনামার নিমিত্তে ক্রমিক নং-২ এ বর্ণিত কাগজপত্র ও টাকা সহ ফরমাল কোটেশন দাখিল করিতে বাধ্য থাকিবেন। ব্যর্থতায় তাহার /তাহাদের দাখিলকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত সহ কোটেশন বাতিল করা হইবে।

১০। কোটেশন দাতা কোটেশনে কোন অতিরিক্ত শর্তাবলী অর্ন্তভূক্ত করিলে তাহার / তাহাদের দাখিলকৃত কোটেশন বাতিল বলিয়া গণ্য হইবে।

১১। কোটেশনে লিখিত ঠিকানা অনুযায়ী কোটেশন দাতার সহিত সর্বপ্রকার যোগাযোগ করা হইবে। ঠিকানা পরিবর্তন হইলে কোটেশন দাতা স্বয়ং হাজির হইয়া পরিবর্তিত ঠিকানা কোটেশনে লিখিয়া সহি করিবেন। কোটেশন দাতার ঠিকানায় যদি কোন পত্র না পৌছে তবে তাহার দায়-দায়িত্ব সবই কোটেশন দাতাকে বহন করিতে হইবে। পত্র না পাওয়ার অজুহাত অত্র দপ্তরের নিকট গ্রহনযোগ্য হইবে না।

১২। কোটেশন দাখিলে দিন হইতে ১২০ (একশত বিশ) দিনের মধ্যে কোটেশনের নিষ্পত্তি হইলে কোটেশন দাতা উহা মানিয়া নিতে বাধ্য থাকিবেন।

১৩। কোন অবস্থাতেই ফেরীঘাটের টোল আদায়ের জন্য ইজারাদার কর্তৃক ২য় কোন ব্যক্তির নিকট পুনরায় ইজারা দেয়া যাইবে না এবং ইহা প্রমানিত হইলে মূল ইজারা বাতিল করিয়া সরকারী পক্ষ দখল লইতে পারবেন এবং সেই ক্ষেত্রে কোন প্রকার ক্ষতিপূরণ কিংবা অবশিষ্ট মেয়াদকালে উদ্ধৃত দরের হারাহারি টাকা ফেরৎ দেওয়া হইবে না।

১৪। ইজারাদার কেবলমাত্র কোটেশনের তফসিলে বর্ণিত হারে যানবাহন হইতে টোল আদায় করিতে পারিবেন।

১৫। ফেরীঘাটের ইজারা কোটেশন ডাককারীকে ইজারা ডাকের ৫% আয়কর এবং ১৫% ভ্যাট এর সমূদয় টাকা এককালীন কার্যাদেশের পূর্বে জমা প্রদান করিতে হইবে। আয়কর ও ভ্যাটের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সর্বশেষ নির্ধারিত হারে প্রযোজ্য হইবে, যা ইজারাদার বা কোটেশন দাতা মানিয়া নিতে বাধ্য থাকিবেন। অর্থাৎ সরকার কর্তৃক নির্ধারিত হারই প্রযোজ্য। উহা যোগাযোগ মন্ত্রণালয়ের আদেশ নং-সওজ-৩/১এম-১১/২০০৩-১২৪ তারিখ-০৭/০২/২০০৬ এর পেক্ষিতে।

১৬। প্রতি আহ্বানে কোটেশন দাতা ১ (এক) সেট কোটেশন দলিল ক্রয় করিবেন এবং দর উদ্ধৃত করে কেটেশন দাখিল করিবেন। দাখিলকৃত কোটেশনের সাথে ক্রয় রশিদ অবশ্যই সংযুক্ত থাকিতে হইবে।

১৭। মূল সংযোগজন কর আইন অনুযায়ী কোটেশন দাখিলের প্রাক্কালে উক্ত আইনে নিবন্ধন হওয়ার প্রমান স্বরূপ নিবন্ধনের সত্যায়িত কপি ঠিকাদার/ইজারাদার/স্বচ্ছল নাগরিক প্রত্যেকের বেলায় ভ্যাট রেজিষ্ট্রেশন, টিআইএন সার্টিফিকেট দাখিল করিতে হইবে। অন্যথায় কোটেশন বাতিল বলিয়া গণ্য হইবে।

| | | | |
|---|---|---|---|
| কোটেশন দাতার স্বাক্ষর | (মোঃ শহীদুল ইসলাম)<br>উপ-সহকারী প্রকৌশলী, সওজ,<br>সড়ক বিভাগ, মানিকগঞ্জ। | (মোঃ আব্দুল জলিল প্রামাণিক)<br>সহকারী প্রকৌশলী, সওজ,<br>সড়ক বিভাগ, মানিকগঞ্জ। | (মোঃ মহিবুল হক)<br>পরিচিতি নং-৬০১৯৩১<br>নির্বাহী প্রকৌশলী, সওজ<br>সড়ক বিভাগ, মানিকগঞ্জ। |

# "ইজারা চুক্তির শর্তাবলী"

১। ইজারাদার শুধু সরকার কর্তৃক অনুমোদিত হারে মানুষ, গরু, মহিষ, ছাগল ইত্যাদি ব্যতীত সংযুক্ত তালিকায় উল্লেখিত সকল যানবাহন হইতে ফেরী পারারের নিমিত্তে টোল আদায় করিবেন। এই জন্য ফেরীর জ্বালানী ও লুব্রিকেন্টসহ আনুষাঙ্গিক ব্যয় ইজারাদার বহন করিবেন।

২। ফেরীঘাট, গ্যাংওয়ে, পন্টুন ও ফেরি ইত্যাদি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব শুধুমাত্র সওজ এর অধীনে থাকিবে। ইজাদার সওজ এর সাথে শুধুমাত্র সমন্বয় সাধন করিতে বাধ্য থাকিবেন।

৩। আগ্রহী কোটেশন দাতাকে শর্ত মোতাবেক বায়নার টাকা সহ কোটেশন দাখিল করিতে হইবে। অন্যথায় তাহার কোটেশন বাতিল বলিয়া গণ্য হইবে।

৪। কার্যাদেশ / চুক্তিপত্র মোতাবেক ১ (এক) বৎসর বা ৩৬৫ দিন। তবে সরকারী সিদ্ধান্ত মোতাবেক কোন কারণে ফেরী পারাপার বন্ধ হইয়া গেলে কার্যাদেশ প্রদানের তারিখ হইতে সময়ের আনুপাতিক তারিখ হইতে সময়ের আনুপাতিক হারে কিস্তির টাকা পরিশোধ করিবেন। এই ব্যাপারে কোন অবস্থাতেই আপত্তি গ্রহণযোগ্য হইবে না। সরকারের সিদ্ধান্তই ইজারাদার মানিয়া নিতে বাধ্য থাকিবেন।

৫। ফেরী দিয়া পারাপারকারী যানবাহনের নিকট হইতে সরকার নির্ধারিত হারে মাশুল আদায় করিতে হইবে এবং টিকিট প্রদান করিতে হইবে। টিকিট ছাড়া মাশুল আদায় করা নিষিদ্ধ।

৬। নির্দিষ্ট হারে মাশুল আদায় করা এবং যানবাহন নিয়ন্ত্রণ করা ইজারাদারের দায়িত্ব। প্রয়োজনে ইজারাদার নিজ খরচে আইনের আশ্রয় নিবেন। সড়ক ও জনপথ অধিদপ্তর এই ব্যাপারে কোন দায়িত্ব গ্রহন করিবে না। ইজারাদার নির্দিষ্ট মূল্যমানের ও অত্র অফিস কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট রং এর টিকিট ছাপাইবেন এবং মাশুল আদায় করিয়া যানবাহন মালিককে অবশ্যই টিকিট প্রদান করিবেন। ইজারাদার যথেষ্ট সংখ্যক মাশুল আদায়কারী নিয়োগ করিবেন যেন টোল প্লাজা হইতে সরাসরি গাড়ীর মাশুল আদায় করা যায় এবং কোন অবস্থাতেই যানবাহন চলাচল বিঘ্নিত বা বিলম্বিত না হয়।

৭। ফেরীঘাট যদি সওজ অধিদপ্তরের কোন টোল ঘর বা সেড না থাকে তবে ইজারদারকে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, সওজ এর সাথে আলোচনা করিয়া নিজ খরচে উহা নির্মাণ করিয়া হইতে হইবে, যাহাতে যানবাহন পারাপারে কোন বিঘ্ন না ঘটে।

৮। ফেরীঘাটে ইজারাদার নিজ খরচে প্রয়োজনীয় মাশুল অফিস, টোল পোষ্ট ও অন্যান্য যাবতীয় প্রয়োজনীয় অফিস তৈরী ও রক্ষণাবেক্ষন করিবেন এবং ইজারা চুক্তির সময়-সীমা অতিক্রান্ত হওয়ার পর ৩ (তিন) দিনের মধ্যে তাহারা বা তাহাদের নিজ খরচে মাশুল অফিস, টোল পোষ্ট ইত্যাদি সম্পূর্ণরূপে সরাইয়া নিতে হইবে। যদি উক্ত সময়ের মধ্যে ইজারাদার তাহার স্থাপনা সরাইয়া নিতে ব্যর্থ হন, তাহা হইলে সরকার উহা সরাইয়া ফেলিবেন এবং সমূদয় মালামাল বাজেয়াপ্ত করিয়া নিলামে বিক্রয় করা হইবে এবং এ সংক্রান্ত সমূদয় খরচ ইজারাদারের জামানত হইতে কর্তন করিয়া আদায়ের ব্যবস্থা করা হইবে।

৯। মাশুল আদায়ের অফিস সর্বক্ষণ খোলা রাখিতে হইবে।

১০। গণ-আন্দোলন হরতাল অথবা অন্য কোন রাজনৈতিক/সামাজিক/প্রাকৃতিক কারণে ফেরি চলাচল / দূর্ঘটনা বা অন্য কোন কারণে যানবাহন পারাপার বন্ধ থাকিলে ইজারাদার সরকারের নিকট কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না।

১১। ইজারাদার তাহার নিজস্ব ব্যবস্থাপনায় ও খরচে সাইন, সিগন্যাল তৈরী করিবেন এবং বাংলা ও ইংরেজীতে টোল আদায়ের তালিকা পরিস্কার ও সুষ্ঠুভাবে সাইন বোর্ডে টাঙ্গাইয়া রাখিবেন।

১২। ইজারাদার কোন কিস্তির টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিতে না পারিলে উক্ত নির্ধারিত সময়ের পরবর্তী দিবসে কোন প্রকার নোটিশ বা বিজ্ঞপ্তি ছাড়াই উক্ত চুক্তি বাতিল করা যাইবে। নির্ধারিত তারিখে যদি অফিস ছুটি বা অন্য কোন কারণে ব্যাংক বন্ধ থাকে তবে তার পরের খোলার দিন নির্ধারিত দিন বলিয়া গণ্য হইবে। উপরে বর্ণিত মতে ইজারাদারের ব্যর্থতায় নির্বাহী প্রকৌশলী, সওজ অথবা সরকার মনোনীত অণ্য কোন কর্মকর্তা মাশুল আদায়ের অধিকার গ্রহণ করিবেন এবং সরকারীভাবে মাশুল আদায়ের ব্যবস্থা করিবেন, যতদিন পর্যন্ত অন্য একজন ইজারাদার নিয়োগ না করা হয়।

১৩। সরকার ইচ্ছা করিলে যে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চুক্তি বাতিল করিতে পারিবেন।

১৪। ইজারাদার যদি ইচ্ছাকৃত ভাবে নির্ধারিত মাশুলের হার গোপন অথবা রদবদল করেন অথবা কাহাকেও দেখাইতে অসম্মতি জ্ঞাপন করেন, তাহা হইলে নির্বাহী প্রকৌশলী, সওজ, সংশ্লিষ্ট সড়ক বিভাগ, মানিকগঞ্জ বা সরকার মনোনীত যে কোন কর্মকর্তা তাহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহনে করিতে পারিবেন।

১৫। নির্ধারিত অনুমোদিত হারের অতিরিক্ত নির্দিষ্ট শ্রেণীর গাড়ীর ক্ষেত্রে ইজারা মাশুল আদায় করা যাইবে না। ইজারাদার কর্তৃক অতিরিক্ত মাশুল আদায় করা হইলে প্রমাণ সাপেক্ষে তাৎক্ষনিকভাবে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।
সকল কার্য টোল নীতিমালা ২০১৪ এর সংশ্লিষ্ট অনুচ্ছেদ যা তফসিল আলোকে প্রাক্কলিত হইবে।

১৬। **নিম্ন বর্ণিত যানবাহন সমূহ বিনা মাশুলে চলাচল করিতে পারিবে ঃ-**

(ক) মহামান্য মাননীয় রাষ্ট্রপতি'র গাড়ী সমূহ (খ). মাননীয় প্রধান মন্ত্রীর গাড়ী সমূহ (গ) মাননীয় স্পীকার ও ডেপুটি স্পীকারের গাড়ী সমূহ (ঘ) মাননীয় মন্ত্রী / প্রতিমন্ত্রী /উপ-মন্ত্রী/সংসদ সদস্য ও সম পর্যায়ের কর্মাকর্তাদের গাড়ীসমূহ (ঙ) সচিব এর গাড়ীসমূহ (চ) সামরিক বাহিনর গাড়ীসমূহ (ছ) বিজিবির গাড়ীসমূহ (জ) পুলিশের গাড়ীসমূহ (ঝ) আনছার ও ভিডিপি এর গাড়ী সমূহ (ঞ) বিভাগীয় ও জেলা পর্যায়ের সাধারণ প্রশাসনের কর্মকর্তাদের যানবাহন সমূহ (ট) ফায়র সার্ভিস / সিভিল / ডিফেন্স অধিদপ্তরের ফায়ার ফাইটিং এর গাড়ী ও এ্যাম্বুলেন্স (ঠ) সড়ক ও জনপথ অধিদপ্তরের সকল প্রকার গাড়ী ও শক্তিচালিত যন্ত্রসমূহ, সওজ এর রাস্তা তৈরী ও রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষন কাজে নিয়োজিত সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, সওজ, ও উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, কর্তৃক অথরাইজড সরঞ্জামাদি/ ট্রাক এবং সওজ'র মালিকানাধীন সরঞ্জামাদি (ড) সড়ক ও জনপথ অধিদপ্তরের কোন কর্মকর্তা/ কর্মচারীদের নিকট হইতে যানবাহন পারাপারের জন্য কোনরূপ টোল/ভাড়া আদায় করা যাইবে না। ফেরী পারাপারের সময় ডাক বিভাগের যানবাহন সহ উপরোক্ত তালিকার যানবাহন সমূহ অগ্রাধিকার পাইবে। উপরোক্ত তালিকা সরকারী নির্দেশ অনুযায়ী পরিবর্তিত হইতে পারে।

গ) যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিচয়পত্র প্রদর্শন করে ব্যক্তিগত গাড়ীতে টোল অব্যাহতি পাবেন।

১৭। ইজারাদার যানবাহনের দৈনিক হিসাবে টোল ঘর দিয়া পারাপারকারী সকল প্রকার যানবাহনের রেজিষ্ট্রেশন নম্বর, মাশুল প্রদানের টিকেট নম্বর, অতিক্রমের সময়, মাশুল আদায়ের পরিমান ইত্যাদি লিপিবদ্ধ করিয়া রেজিষ্টারে সংরক্ষণ করিবেন এবং ১৫ দিন অন্তর নির্ধারিত ছকে (যাহা প্রয়োজন অনুযায়ী পরিবর্তনীয়) যানবাহনের হিসাব নির্বাহী প্রকৌশলী কর্তৃক মনোনীত যে কোন কর্মকর্তার অফিসে প্রেরন করিতে হইবে।

১৮। ইজারাদার টোল আদায় করিতে গিয়া যদি কোন প্রকার অপ্রতিকর পরিস্থিতির সম্মুখীন / শিকার হন তাহা হইলে তিনি / তাহারা প্রশাসনিক ব্যবস্থাদির মাধ্যমে উহা নিস্পত্তি করিয়া নিতে বাধ্য থাকিবেন। কোনক্রমেই আইনকে নিজের হাতে তুলিয়া নিতে পারিবেন না। এই ব্যাপারে অত্র বিভাগ কোন দায়-দায়িত্ব গ্রহণ করিনে না।

১৯। ফেরীঘাটের বিদ্যুত বিলসহ যাবতীয় খরচাদি ইজারাদার বহন করিবেন। যেখানে বিদ্যুতের কোন ব্যবস্থা না সেখানে নিজ খরচে ইজারাদারকে আলোর ব্যবস্থা করিতে হইবে।

২০। টোল অফিস ও নিয়ন্ত্রণ পোষ্টের যাবতীয় পরিচালনা ও নিরাপত্তা ব্যবস্থা ইজারাদার নিজ খরচে বহন করিবেন।

২১। **ইজারাদার কর্তৃক সরবরাহকৃত লুব্রিকেন্ট ও জ্বালানীর গুনগত মান নিদ্ধারিন ঃ**

(ক) ফেরীঘাটে ইজারাদার নিজ খরচে লুব্রিকেন্ট ও জ্বালানী মজুদের ব্যবস্থা করিবেন। দেশের প্রচলিত আইন অনুযায়ী লুব্রিকেন্ট ও জ্বালানীর ক্রটিমুক্ত ও নিরাপদ মজুদের ব্যবস্থা করিবেন। লুব্রিকেন্ট ও জ্বালানী মজুদের ব্যবস্থা ক্রটিমুক্ত ও নিরাপদ কি-না, সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হইতে প্রয়োজনীয় লাইসেন্স / সার্টিফিকেট সংগ্রহ পূর্বক ইজারাদার নির্বাহী প্রকৌশলী, সওজ, এর নিকট জমা দিবেন। লুব্রিকেন্ট ও জ্বালানী মজুদের জন্য প্রয়োজনীয় ধারণ ক্ষমতা সম্পন্ন তৈলাগার নিজ খরচে নির্মাণ করিবেন।

(খ) ইজারা চুক্তি বাস্তবায়নের প্রারম্ভে ১ (এক) মাসের জন্য প্রয়োজনীয় লুব্রিকেন্ট ও জ্বালানী মজুদ করিবেন। ১৫ (পনের) দিন পর খরচকৃত লুব্রিকেন্ট ও জ্বালানী পুনর্ভরন করিয়া ১ (এক) মাসের জ্বালানী নিশ্চিত করিতে ইজারাদার বাধ্য থাকিবেন। ফেরীতে ব্যবহৃত সকল মবিল, গিয়ার অয়েল ইজারাদারের নিজ খরচে উন্নত ব্রান্ডের লুব্রিকেন্ট রোটেলা অথবা জিটিএম ব্রান্ডের সিলটিন সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

(গ) ইজারাদর কর্তৃক সরবরাহকৃত লুব্রিকেন্ট ও জ্বালানী সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, / উপ-সহকারী প্রকৌশলী, সওজ, ফেরী উপ-বিভাগ, ঢাকা যৌথভাবে পরীক্ষা করিবেন। পরীক্ষার পর সরবরাহকৃত লুব্রিকেন্ট ও জ্বালানীর গুনগত মান যথাযথ না হইলে ইজারাদার নিজ খচচে উহা ঘাট হইতে অপসার করিতে বাধ্য থাকিবেন এবং অনুমোদিত মান সম্মত লুব্রিকেন্ট ও জ্বালানী সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

(ঘ) এক্ষেত্রে ফেরি সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী / নির্বাহী প্রকৌশলীর সিদ্ধান্ত ইজারাদার মানিয়া নিতে বাধ্য থাকিবেন।

(ঙ) প্রতিটি ফেরির পরিচালনা ও সার্ভিসেরে জন্য লুব্রিকেন্ট ও জ্বালানী খরচের হার সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ, মানিকগঞ্জ এর যৌথভাবে পরীক্ষার পর নির্ধারণ করিয়া দিবেন এবং সেই নির্ধারিত হার সংশ্লিষ্ট প্রকৌশলী অনুমোদন করিবেন। অনুমোদিত নির্ধারিত হারে ইজারাদার লুব্রিকেন্ট ও জ্বালানী প্রদান করিতে বাধ্য থাকিবেন। ফেরী পরিচালচনকালে যান্ত্রিক ক্রটি অথবা অন্য কোন কারণে ঘাট চালুর জন্য কোন ফেরীর পরিবর্তে অন্য কোন ফেরী দেওয়া হইলে উহার জন্য লুব্রিকেন্ট ও জ্বালানী খরচের হার উপরোল্লিখিত ব্যবস্থা অনুযায়ী নির্ধারিত হইবে। ইজারাদার সেই লুব্রিকেন্ট ও জ্বালানী প্রদান করিতে বাধ্য থাকিবেন। ফেরী ইঞ্জিন/গিয়ার বক্স/প্রপালশন ইউনিট ইত্যাদি পরিবর্তন/সার্ভিসিং এর ক্ষেত্রে প্রয়োজনীয় জ্বালানী ও লুব্রিকেন্ট ইজারাদার সরবরাহ করিতে বাধ্য থাকিবেন। অন্যথায় প্রয়োজনীয় জ্বালানী ও লুব্রিকেন্ট এর জন্য ইজারাদারের জমাকৃত জামানত হইতে পেট্রোবাংল কর্তৃক নির্ধারিত মূল্য হতে ১০% অধিক মূল্যে কর্তন করে সরকারী কোষাগারে জমা করা হইবে।

(চ) ইজারাদার সরাসরি পেট্রোবাংলার অধীন পদ্মা, মেঘনা যমুনা অয়েল হইতে তাহাদের অনুমোদিত এজেন্ট, ডিলার হইতে লুব্রিকেন্ট ও জ্বালানী ক্রয় করিতে বাধ্য থাকিবেন। উপরোক্ত সংস্থা সমূহ হইতে লুব্রিকেন্ট ও জ্বালানী ক্রয়ের রশিদ নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জের নিকট জমা দিতে ইজারাদার বাধ্য থাকিবেন।

(ছ) ইজারাদার নির্ধারিত হারে সময়মত লুব্রিকেন্ট ও জ্বালানী প্রদান করিতে ব্যর্থ হইলে বিভাগীয় ভাবে তাহা সর্বোচ্চ ১০ দিন পর্যন্ত সরবরাহ করা হইবে এবং উহার মূল্য ইজারাদার এর জামানত হইতে পেট্রোবাংলা কর্তৃক নির্ধারিত হার হইতে ১০% অধিক হারে কর্তন করিয়া লওয়া হইবে এবং জামানত হইতে কর্তণকৃত টাকা পরবর্তী ৫ টি কার্যদিবসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ এর অনুকূলে জমা করিতে হইবে। জমা দিতে ব্যর্থ হইলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই জামানতের টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা সহ ইজারা চুক্তি বাতিল করা হইবে এবং কর্তণকৃত টাকা আইনানুগ ভাবে আদায় করা হইবে।

(জ) প্রতিদিনের লুব্রিকেন্ট ও জ্বালানী খরচ লগ বহিতে অত্র বিভাগরে প্রতিনিধি এবং ইজারাদারের (অথবা অগ্রাধিকার প্রাপ্ত প্রতিনিধি) যৌথ স্বাক্ষর থাকিতে হইবে। প্রতিটি ফেরীর জন্য ২ টি করিয়া লগ বহি সংরক্ষণ করিতে হইবে। লগ বহিতে যৌথ স্বাক্ষরের ব্যাপারে ইজারাদার কর্তৃক কোন প্রকার আপত্তি / অভিযোগ গ্রহনযোগ্য হইবে না।

২২। সড়ক ও জনপথ অধিদপ্তরের ফেরীঘাট/ফেরী মেরামতের সহিত সংশ্লিষ্ট কর্তকর্তা / কর্মকর্তাগণ সরকারী কাজের স্বার্থে যে কোন অবস্থায় (খালি/আংশিক খালি) দিনে যতবার প্রয়োজন হইবে ততবার পারাপারের জন্য ফেরী ব্যবহার করিতে পারিবেন। যদি স্পেয়ার ফেরীর ব্যবস্থা না থাকে প্রয়োজনে অপর পার হইতে ফেরী খালি / আংশিক খালি অবস্থায় আনায়ন করিয়া পারাপারের জন্য ইহা খালি/আংশিক খালি অবস্থায় ব্যবহার করিতে পারিবেন। উপরোক্ত ফেরী পারাপারের যাবতীয় লুব্রিকেন্ট ও জ্বালানী খরচ ইজারাদার কর্তৃক বহন করিতে হইবে। ইহার জন্য ইজারাদার কোন প্রকার আপত্তি উত্থাপন করিতে পারিবেন না।

২৩। ফেরীঘাটে কর্মরত সংশ্লিষ্ট যে কোন কর্মচারীর সহিত তিনি অথবা তাহাদের প্রতিনিধি যে কোন রকম বাক-বিতন্ডা করিতে পারিবেন না। প্রয়োজনে ব্যবস্থা গ্রহনের জন্য কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করিতে পারিবেন।

২৪। যানবাহন পারাপার করার জন্য কোন অবস্থায়ই দিন/রাত্রি এবং যানবাহনের সংখ্যা বিবেচনা করা যাইবে না। এ জন্য অতিরিক্ত মাশুল দাবী করিতে পারিবেন না। প্রয়োজনে শুধুমাত্র একটি যানবাহন নিয়া ফেরী পারাপার করিতে হইবে।

২৫। ইজারা শর্তাবলীর যে কোন শর্ত ইজারার কর্তৃক ভঙ্গ করা হইলে ইজারা চুক্তি বাতিলসহ সর্বোচ্চ জামানতের টাকার পরিমান জরিমানা করা যাইতে পারে।

২৬। চুক্তিনামায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ প্রতিনিধিত্ব করিবেন।

২৭। ইজারাদার ইজারা চুক্তি সম্পাদনের প্রাক্কালে ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করিবেন।

২৮। সকল ডাক বিবেচনায় আনিয়া ১ম সর্বোচ্চ, ২য় সর্বোচ্চ এবং ৩য় সর্বোচ্চ পরবর্তী সর্বোচ্চ ডাককারীগণের কোটেশনের সঙ্গে দাখিলকৃত জামানতের টাকা কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত অত্র অফিসে জমা থাকিবে। ইহার জন্য কোন অভিযোগ বা আপত্তি গ্রহনযোগন্য হইবে না।

২৯। সর্বশেষ আহ্বানের ইজারা দলিল গ্রহনের তারিখ হইতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত উদ্ধৃত দর বলবৎ থাকিবে। উক্ত একশত বিশ দিনের মধ্যে উপরোক্ত ১ম, ২য়, ৩য় সর্বোচ্চ ডাক উদ্ধৃতকারীগণ সকলেই তাহার / তাহাদের উদ্ধৃত দর অনুযায়ী ইজারা গ্রহনে বাধ্য থাকিবেন। অন্যথায় তাহার / তাহাদের বায়নার টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে।

৩০। উদ্ধৃত মূল্য সমান ৪ (চার) কিস্তিতে পরিশোধ করিতে হইবে। ইজারা ডাকের আনুষ্ঠানিক দরপত্র নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গৃহীত হওয়ার পর অত্র দপ্তর হইতে এই বিষয়ে পত্র জারীর ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে প্রথম কিস্তির টাকা + উদ্ধৃত মুল্যের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) কার্যসম্পাদন জামানত +সমুদয় আয়কর +সমুদয় ভ্যাট এককালীন চুক্তিপত্র স্বাক্ষরের পূর্বে জমা দিতে হইবে। ২য়, ৩য় এবং ৪র্থ কিস্তি মূল্য একই নিয়মে যথাক্রমে চুক্তিস্বাক্ষরের ৬০ দিন ও ১৫০ দিন ও ২৪০ দিনের মধ্যে জমা দিতে হইবে। অন্যথায় ইজারা চুক্তি বাতিলসহ বায়নার টাকা বাজেয়াপ্ত করা হইবে।

৩১। এই ইজারা চুক্তির ব্যাপারে কোনরূপ জটিলতা দেখা দিলে ইহার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, ঢাকার সিদ্ধান্ত উভয় পক্ষের জন্যই চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

৩২। নিয়মিত ফেরী সার্ভিসিং করার জন্য প্রয়োজনীয় জ্বালানী ও লুব্রিকেন্ট ইত্যাদি ইজারাদারকে সরবরাহ করিতে হইবে। ফেরী বিভাগ ঢাকা কর্তৃক নির্দেশিত সময় অনুযায়ী সার্ভিসিং করিতে হইবে। বিলম্বে সার্ভিসিং করার জন্য ফেরী ইঞ্জিন, পপালশন ইউনিট, গিয়ার বক্স ইত্যাদির ক্ষতি হইতে পারে তাই যান্ত্রিক উপ-বিভাগ / বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা মানিয়া চলিতে হইবে।

৩৩। সরকারী প্রচলিত আইন মোতাবেক সকল প্রকার শুল্ক, ভ্যাট ও আয়কর ইত্যাদি ইজারাদারকে প্রদান করিতে হইবে। এ ব্যাপারে অত্র অধিদপ্তরের নিকট ইজারাদার কোন প্রকার দাবী বা ওজর আপত্তি উত্থাপন করিতে পারিবেন না।

৩৪। ফেরী ঘাটের নিকটবর্তী সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতা বর্হিভূত কোন স্থানে স্থানীয় সরকারের কোন কর্তৃপক্ষ যথাঃ জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, পৌরসভা অথবা অন্য কোন ব্যাক্তি বা গোষ্টী কর্তৃক ইজারা ডাক বা অন্য কোন উপায়ে যাত্রী বা মালামাল পারারার করা হইবে বা হইতে পারে তাহা বিবেচনায় আনিয়া ইজারা ডাকে অংশগ্রহন করিতে হইবে। এই ব্যাপারে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৩৫। জ্বালানী তেলের মূল্য বৃদ্ধির কারণে ইজারাদার কোন ক্ষতিপূরণ দাবী করিতে পারিবে না।

৩৬। ইজারাদার সরকার কর্তৃক বৎসরের যে কোন সময়ে জারীকৃত নতুন হারে আয়কর / ভ্যাট দিতে বাধ্য থাকিবেন এবং পরবর্তীতে নতুন কোন কর ধার্য্য করা হইলে উহাও পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

৩৭। ইজারাদার প্রয়োজনীয় ওয়্যাররোপ, ব্যাটারী এবং ফেরীর ইঞ্জিনের জন্য প্রয়োজনীয় লুব্রিকেন্ট সরবরাহ করিবেন। ফেরী ও পল্টুনের ছোট খাট মেরামত (ষ্টীল প্লেট, নাটবোল্ট ও ওয়েলডিং সহ) প্রতিস্থাপনের খরচ ইজারাদার নিজ খরচে সম্পাদন করিবেন।

৩৮। উপরে বর্ণিত সকল শর্তাবলী ইজারা চুক্তিপত্রের অবিচ্ছেদ্য অংশ হিসাবে গণ্য হইবে।

## 'ফেরীর ট্রীপ নির্ধারণ'

৩৯। (ক) নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ঢাকা সড়ক সার্কেল, ঢাকা এর অনুমোদনক্রমে ফেরীঘাটের দৈনিক পারাপারকারী যানবাহনের সংখ্যা অনুযায়ী ফেরী ছাড়ার সময়-সূচী নির্ধারণ করিবেন। গাড়ীর সংখ্যা অনুযায়ী ১৫ মিনিট হইতে ১:৩০ ঘন্টা অন্তর ফেরী ছাড়ার সময় সূচী নির্ধারন করিবেন। প্রয়োজনীয়তা দেখা দিলে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা ট্রিপের সময় সুচী নির্ধারন করিয়া দিতে পারিবেন। এই সময় সূচী/পরিবর্তিত সময় সূচী অনুযায়ী ফেরী চালাইতে ইজারাদার বাধ্য থাকিবেন এবং ইহার জন্য অতিরিক্ত কোন ভাড়া দাবী করিতে পারিবেন না।

(খ) নির্দিষ্ট সময়ের পূর্বে ফেরী ভর্তি হইলে ফেরী ছাড়িতে ইজারাদার বাধ্য থাকিবেন। ফেরী ছাড়ার নির্ধারিত সময়ের আগে অতিরিক্ত গাড়ী থাকিলে উহাদের জন্য অতিরিক্ত ট্রিপের ব্যবস্থা করিতে হইবে। উহার জন্য ইজারাদার কোন অতিরিক্ত ভাড়া দাবী করিতে পারিবে না।

| কোটেশন দাতার স্বাক্ষর | (মোঃ শহীদুল ইসলাম)<br>উপ-সহকারী প্রকৌশলী, সওজ,<br>সড়ক বিভাগ, মানিকগঞ্জ। | (মোঃ আব্দুল জলিল প্রামানিক)<br>সহকারী প্রকৌশলী, সওজ,<br>সড়ক বিভাগ, মানিকগঞ্জ। | (মোঃ মহিবুল হক)<br>পরিচিতি নং-৬০১৯৩১<br>নির্বাহী প্রকৌশলী, সওজ<br>সড়ক কিভাগ, মানিকগঞ্জ। |
|---|---|---|---|

# "ইজারা কোটেশন বিজ্ঞপ্তির জন্য কতিপয় নির্দেশনাবলী"

০১। আহ্বানে প্রাপ্ত সকল কোটেশন বিবেচনায় আনিয়া ১ম সর্বোচ্চ দরদাতার ইজারাপত্রের সংগে দাখিলকৃত জামানতের টাকা কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত আবেদনে প্রাপ্ত কোটেশন অত্র অফিসে জমা থাকিবে। ইহার জন্য কোন ওজর আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

০২। সর্বশেষ আহ্বানের ইজারা কোটেশন দাখিলের তারিখ হইতে ১২০ (এক শত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকিবে। উক্ত ১২০ (এক শত বিশ) দিন ১ম, ২য়, ৩য় সর্বোচ্চ দর উদ্ধৃতকারী সকলের বায়নার টাকা সরকারী কোষাগারে জমা থাকিবে।

০৩। অত্র বিভাগ প্রয়োজন মনে করিলে পরবর্তী ইজারাদার নিয়োগ না করা পর্যন্ত বা অন্য কোন প্রয়োজনে এই চুক্তিপত্রের শর্তাধীনে এই ইজারার সময় সীমা বর্ধিত করিতে পারবেন। সে ক্ষেত্রে ইজারাদার কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিবেন না এবং করিলেও উহা গ্রহনযোগ্য বলিয়া নাও হইতে পারে।

০৪। পারাপারের জন্য কোন প্রকার এবং কয়টি ফেরী ব্যবহার করা হইবে ইহাও বিভাগীয় কর্তৃপক্ষ নির্ধারণ করিবেন। এই বিষয়ে ইজারাদার কোনরূপ আপত্তি এবং দাবী করিতে পারিবেন না।

০৫। বায়নার টাকা যাহা পরবর্তীতে নিরাপত্তা জামানত হিসাবে গন্য হবে তাহা সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর অনুকুলে বিডি/ পে-অর্ডার আকারে ইজারা কোটেশনের সহিত জমা দিতে হইবে। বর্ণিত বিডি / পে-অর্ডার ঢাকা সিটি কর্পোরেশনের বাহিরে হইলে উহা কালেকশন ফি ইজারাদার কর্তৃক জমা দিতে হইবে।

০৬। ইজারা ডাক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পর এই বিষয়ে অত্র দপ্তর হইতে পত্র ইস্যুর ৭ (সাত) দিনের মধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ৩০০/- (তিন শত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তিনামা নির্বাহী প্রকৌশলী, সওজ, মানিকগঞ্জ এর দপ্তরে সম্পাদন করিতে হইবে। অন্যথায় তাহার / তাহাদের ইজারা ডাকের কোটেশন বাতিল সহ বায়নার টাকা সরকারী রাজস্ব খাতে সমন্বয় করা হইবে।

০৭। ইজারা ডাক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পর এই বিষয়ে অত্র দপ্তর হইতে পত্র ইস্যুর ৭ (সাত) দিনের মধ্যে ৩ (তিন) কপি ইজারা ডাকের আনুষ্ঠানিক কোটেশন অত্র দপ্তরে দাখিল করিতে হইবে। অন্যথায় তাহার / তাহাদের ইজারা কোটেশন বাতিল সহ বায়নার টাকা সরকারী রাজস্ব খাতে সমন্বয় করা হইবে।

০৮। চুক্তিকালীন বা চুক্তিপরবর্তী সময়ে চুক্তির সহিত সংশ্লিষ্ট উভয় পক্ষের মধ্যে কোন রকম রিরোধ দেখা দিলে উহা অত্র অধিদপ্তরের প্রচলিত নিয়ম অনুযায়ী সালিশীর মাধ্যমে নিস্পত্তি করিতে হইবে।

০৯। উপরোক্ত শর্তের পরিপন্থি কোন কিছু করিতে অথবা কিস্তির টাকা সময়মত জমা দিতে না পারিলে ইজারা আহ্বানে কোটেশন বাতিল বলিয়া গণ্য হইবে এবং পূর্বের জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে।

১০। কার্যাদেশ প্রদানের তারিখ হইতে ১ (এক) বৎসর পর জামানতের টাকা ফেরৎ প্রদান করা হইবে। (যদি সরকারের পক্ষে ইজারাদারের কোন প্রকার পাওনা না থাকে।

১১। যদি সরকার কর্তৃক পরবর্তীতে যানবাহন পারাপারের টোলের হার বৃদ্ধি করা হয়, তাহা হইলে ইজারাদার উক্ত বর্ধিত হারে অতিরিক্ত টাকা উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক আনুপাতিক হারে জমা দিতে বাধ্য থাকিবেন।

১২। উপরে বর্ধিত সকল নির্দেশনাবলী এই ইজারা ডাকের অবিচ্ছেদ্য অংশ হিসাবে গণ্য হইবে।

১৩। ফেরী রক্ষনাবেক্ষন বা যান্ত্রিক বা নতুন ফেরীতে ইঞ্জিন / প্রপালশন / ইউনিট / গিয়ার বক্স ইত্যাদি সংযোজন বা পরিবর্তনের সময় ফেরী চলাচল ব্যাহত হতে পারে। এ ক্ষেত্রে ইজারাদার কর্তৃক কোন আপত্তি বা অর্থ দাবী বা উদ্ধৃত দরের ক্ষেত্রে সরকারী কোষাগারে জমা সহ ইত্যাদি বিষয়ে বা ইজারা অতিরিক্ত সময় টোল আদায়ের কোন প্রকার আপত্তি বা অভিযোগ করিতে পারবেন না। করিলেও কোন কর্তৃপক্ষের নিকট গ্রহনযোগ্য হইবে না।

| | | | |
|---|---|---|---|
| কোটেশন দাতার স্বাক্ষর | (মোঃ শহীদুল ইসলাম)<br>উপ-সহকারী প্রকৌশলী, সওজ,<br>সড়ক বিভাগ, মানিকগঞ্জ। | (মোঃ আব্দুল জলিল প্রামানিক)<br>সহকারী প্রকৌশলী, সওজ,<br>সড়ক বিভাগ, মানিকগঞ্জ। | (মোঃ মহিবুল হক)<br>পরিচিতি নং-৬০১৯৩১<br>নির্বাহী প্রকৌশলী, সওজ<br>সড়ক বিভাগ, মানিকগঞ্জ। |

মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন বালিরটেক ফেরীঘাটের এক পাড় হইতে অন্য পাড়ে পারাপারের টোলের তালিকা ঃ

| যানবাহনের শ্রেণী | যানবাহনের ধরন | টোলের একক | টোলের হার (অংকে ও কথায়) | টিকিট এর রং |
|---|---|---|---|---|
| ক | ট্রেইলার (বোঝাই/খালি) | প্রতিবার প্রতিটি | টা ঃ ১২৫.০০ (টাকা= এক শত পচিঁশ) মাত্র | লাল |
| খ | হেভী ট্রাক (বোঝাই/খালি) | --ঐ-- | টা ঃ ১০০.০০ (টাকা= একশত) মাত্র | লাল |
| গ | মিডিয়ান ট্রাক (বোঝাই/খালি) | --ঐ-- | টা ঃ ৫০.০০ (টাকা=পঞ্চাশ) মাত্র | খয়েরী |
| ঘ | বড় বাস (বোঝাই/খালি) | --ঐ-- | টা ঃ ৪৫.০০ (টাকা= পয়তাল্লিশ) মাত্র | নীল |
| ঙ | মিনি ট্রাক (বোঝাই/খালি) | --ঐ-- | টা ঃ ৪০.০০ (টাকা= চল্লিশ) মাত্র | হলুদ |
| চ | কৃষি কাজে ব্যবহৃত যান (বোঝাই/খালি) | --ঐ-- | টা ঃ ৩০.০০ (টাকা= ত্রিশ) মাত্র | বাদামী |
| ছ | মিনি বাস / কোষ্টার (বোঝাই/খালি) | --ঐ-- | টা ঃ ২৫.০০ (টাকা= পঁচিশ) মাত্র | হলুদ |
| জ | মাইক্রোবাস (বোঝাই/খালি) | --ঐ-- | টা ঃ ২০.০০ (টাকা= বিশ) মাত্র | সাদা |
| ঝ | ফোর হুইল চালিত যানবাহন (বোঝাই/খালি) | --ঐ-- | টা ঃ ২০.০০ (টাকা= বিশ) মাত্র | সাদা |
| ঞ | সিডান কার (বোঝাই/খালি) | --ঐ-- | টা ঃ ১৫.০০ (টাকা= পনের) মাত্র | সবুজ |
| ট | ৩/৪ চাকার মোটরাইজড যান (বোঝাই/খালি) | --ঐ-- | টা ঃ ৫.০০ (টাকা= পাঁচ) মাত্র | হালকা হলুদ |
| ঠ | মটরসাইকেল | --ঐ-- | টা ঃ ৫.০০ (টাকা= পাঁচ) মাত্র | হালকা হলুদ |
| ড | রিক্সা ভ্যান, রিক্সা, বাইসাইকেল, ঠেলাগাড়ী (বোঝাই/খালি) | --ঐ-- | টা ঃ ৫.০০ (টাকা= পাঁচ) মাত্র | হালকা হলুদ |

কোটেশন দাতার স্বাক্ষর

(মোঃ শহীদুল ইসলাম)
উপ-সহকারী প্রকৌশলী, সওজ,
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

(মোঃ আব্দুল জলিল প্রামাণিক)
সহকারী প্রকৌশলী, সওজ,
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

(মোঃ মহিবুল হক)
পরিচিতি নং-৬০১৯৩১
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

# জ্বালানী ও লুব্রিকেন্ট

## "ফেরী পরিচালনা সংক্রান্ত জ্বালানী ও লুব্রিকেন্ট খরচের কতিপয় উল্লেখযোগ্য বিবরণী এবং সকল ক্ষেত্রে খরচ ইজারাদারকে বহন করিতে হইবে "

(ক) ফেরীর সাধারণ পারাপারের খরচ

(খ) ঝড়/সাইক্লোন/হারিকেন বা জলোচ্ছাসের সময় প্রয়োজনে সর্বক্ষন ফেরী চালু রাখার খরচ।

(গ) ঝড়/সাইক্লোন/হারিকেন বা জলোচ্ছাসের সময় ফেরীঘাটের নিকটবর্তী বা অন্য কোন নিরাপদ স্থানে ফেরী সরাইয়া নেওয়া এবং ফেরৎ আনার খরচ।

(ঘ) ফেরীর সাহায্যে পল্টুন এপাড়-ওপাড় আনা-নেওয়া এবং প্রয়োজনে গ্যাংওয়ে উঠানো-নামানোর খরচ।

(ঙ) ফেরী বন্ধ থাকা অবস্থায় ইঞ্জিন টেষ্টিং ইত্যাদির খরচ।

(চ) মবিল পরিবর্তন, গিয়ার অয়েল পরিবর্তন, হাইডড্রোলিক অয়েল পরিবর্তন সহ বিভিন্ন প্রকার ফেরী ইঞ্জিন সমূহের নিয়মিত সার্ভিসিং খরচ।

(ছ) প্রয়োজনে পন্টুন স্থাপন এবং ফেরী চরে আটকাইয়া গেলে উহা নামানোর জন্য প্রয়োজনীয় জ্বালানী ও লুব্রিকেন্ট খরচ।

(জ) জ্বালানী ও লুব্রিকেন্ট এর মান নিয়ন্ত্রণ ও প্রয়োজনীয় গুনগত মান পরীক্ষার জন্য যাবতীয় জ্বালানী ও লুব্রিকেন্ট এর খরচ।

(ঝ) পল্টুন ও ফেরীর চেম্বার হইতে সময়ে সময়ে পাম্প দ্বারা পানি বাহির করিয়া দেওয়ার জন্য জ্বালানী ও লুব্রিকেন্ট এর খরচ।

(ট) ইজারাদার নির্ধারিত হারে সময়মত লুব্রিকেন্ট ও জ্বালানী প্রদানে ব্যর্থ হইলে বিভাগীয় ভাবে তাহা প্রদান করা হইবে এবং উহার মূল্য ইজারাদারের জামানত হইতে পেট্রোবাংলা কর্তৃক নির্ধারিত হার হইতে ১০% অধিক হারে কর্তন করিয়া লওয়া হইবে।

(ঠ) ফেরীতে ব্যবহারের জন্য প্রয়োজনীয় ব্যাটারী উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সংশ্লিষ্ট সড়ক উপ-বিভাগ, সরবরাহ করিবেন এবং উহার দেখাশুনার দায়িত্বে নিয়োজিত থাকিবেন এবং ব্যবহারের অনুপযোগী ব্যাটারী ষ্টকে হিসাবভূক্ত করিবেন।

| কোটেশন দাতার স্বাক্ষর | (মোঃ শহীদুল ইসলাম) উপ-সহকারী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ। | (মোঃ আব্দুল জলিল প্রামাণিক) সহকারী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মানিকগঞ্জ। | (মোঃ মহিবুল হক) পরিচিতি নং-৬০১৯৩১ নির্বাহী প্রকৌশলী, সওজ সড়ক কিভাগ, মানিকগঞ্জ। |
|---|---|---|---|

## "ইজারা ডাকে অংশ গ্রহনকারীকে নিম্নবর্ণিত ছক পূরণ করিতে হইবে"

০১। (ক) ফেরীঘাটের নাম ঃ ২০১৬-২০১৭ অর্থ বৎসরে মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন বেতিলা-বালিরটেক-হরিরামপুর সড়কের ১০তম কিঃমিঃ এ অবস্থিত বালিরটেক ফেরীঘাট দিয়া যানবাহন পারাপারের টোল আদায়ের নিমিত্তে চুক্তি সম্পাদনের তারিখ হইতে ১ (এক) বৎসর বা (৩৬৫ দিন) সময়ের জন্য ইজারা প্রদান প্রসংগে।

ইজারা কোটেশন নং ০১/কোটেশন/ইই/মানিকগঞ্জ রোড ডিভিশন/২০১৬-২০১৭(৭ম আহ্বান)।

| ক্রমিক নং | বিবরণ | টাকার পরিমান (অংকে) | টাকার পরিমান (কথায়) |
|---|---|---|---|
| ০১ | উদ্ধৃত টাকার পরিমান | | |
| ০২ | মূল উদ্ধৃত টাকার উপর ৫% (শতকরা পাঁচ ভাগ) আয়কর | | |
| ০৩ | মূল উদ্ধৃত টাকার উপর ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট | | |
| | মোট ঃ | | |

(ঘ) উদ্ধৃত মোট মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) বায়নার টাকা ঃ (অংকে) ..............................

(কথায় ঃ ..............................

..............................

বিডি/পে-অর্ডার নম্বর ঃ ..............................

তারিখ ঃ .............................. ব্যাংকের নাম ঃ ..............................

শাখা ঃ ..............................

| | |
|---|---|
| ০২। | ইজারা কোটেশন দাতা / প্রতিষ্ঠানের নাম ঃ .............................. |
| ০৩। | বর্তমান ঠিকানা ঃ |
| ০৪। | স্থায়ী ঠিকানা ঃ |
| ০৫। | টেলিফোন / মোবাইল নম্বর ঃ |
| ০৬। | ভ্যাট রেজিস্ট্রেশন নং ঃ (কপি সংযুক্ত)। |
| ০৭। | টি.আই.এন. নম্বর ঃ .............................. (কপি সংযুক্ত)। |

আমি / আমরা .............................. এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরোক্ত প্রদত্ত তথ্যাদি সঠিক এবং সত্য যদি কোন তথ্য বা তথ্যাদি অসত্য বলিয়া প্রমাণিত হয়, তবে কোটেশন নাকচ করিয়া সরকারের অনুকূলে বায়নার টাকা বাজেয়াপ্ত করা হইবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে। আমি / আমরা সিডিউলের শর্তাবলী ইত্যাদি সম্পূর্ণরূপে পড়িয়াছি বা শুনিয়াছি (অশিক্ষিতের বেলায়) এবং সম্পূর্ণ সুস্থ্য অবস্থায় স্বজ্ঞানে অন্যের প্ররোচনার বশবতী না হইয়া অত্র কোটেশনের দর উদ্ধৃত করিলাম।

কোটেশন দাতার স্বাক্ষর

(মোঃ শহীদুল ইসলাম)
উপ-সহকারী প্রকৌশলী, সওজ,
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

(মোঃ আব্দুল জলিল প্রামাণিক)
সহকারী প্রকৌশলী, সওজ,
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।

(মোঃ মহিবুল হক)
পরিচিতি নং-৬০১৯৩১
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, মানিকগঞ্জ।